

বাংলা মঞ্চচর্চার ধারায় রুশী লেবেডেফ্-এর মঞ্চপ্রয়াস কিছুটা বিক্ষিপ্ত ঘটনা আর কিছুটা ব্যতিক্রমধর্মীও বটে। গেরাসিম স্তেপানভিচ্ লেবেডেফ্, কলকাতায় এসে ২৫নং ডুমতলায় ( বর্তমান এজ্‌রা ষ্ট্রীট ) মাসিক ৬০ টাকায় জনৈক জগন্নাথ গান্ধুলীর বাড়ি ভাড়া নিয়ে সেখানে তাঁর 'বেঙ্গলী থিয়েটার' গড়ে তোলেন। লেবেডেফ্ তার প্রতিষ্ঠিত মঞ্চে দুটি অভিনয়ের আয়োজন করেছিলেন। অভিনয়ের তারিখ ১৯৭৫ এর ২৭শে নভেম্বর ও ১৭৯৬ খ্রীষ্টাব্দের ২১শে মার্চ। অভিনীত নাটক এম. জোড্‌রেল রচিত 'দি ডিস্‌গাইস্' (The Disguise), বাংলা অনুবাদে 'কাল্পনিক সংবদল' বা সাজবদল।<sup>১৬</sup> প্রথম রাতে নাটকটির একটি মাত্র অঙ্ক ও দ্বিতীয় রাত্রে অভিনয়ে নাটকের সম্পূর্ণ তিনাঙ্ক উপস্থাপিত হয়েছিল। তবে তিন অঙ্কের সবটুকু বাংলা ভাষায় অভিনীত হয়নি। বিভিন্ন দৃশ্যের কোনোটা বাংলায়, কোনোটা হিন্দুস্থানীতে (মূর) আবার কোনোটা অভিনীত হয় ইংরেজীতে। "মে লেবেডেফ্ অত্যন্ত গৌরবের সহিত/অত্যাধি চিষ্টিত আছেন বিজ্ঞ করিতে কিবল/দেসি এসিয়ার বাসিন্দা সকলকে কলিকাতার এবং/বাহির গ্রামের উপস্থিত হইতে এক নতুন উপাদয়/কাব্য দেখিবার কারণ—লেখা হইয়াছে বাঙ্গালি/এবং হিন্দুস্থানী জবানাতে—ইহাতে দেখিবার দিগের/তুষ্ট করা যাইবেক উত্তম বাঙ্গালী গান ও বেলাতি/নানান জন্নের সহিত—নাচের ঘরের/পর্দা সকল বিলক্ষণ রূপে চিত্র হইয়াছে এবং/সমস্ত সাজান গিয়াছে—অতএব তিনি" পরবর্তী আর একটি অভিনয়ের কথা ঘোষণা করেছিলেন।<sup>১৭</sup> ঘোষিত হলেও এ অভিনয় নিষ্পন্ন করা সম্ভবপর হয়নি প্রধানতঃ প্রতিযোগী কোম্পানীর নিজস্ব থিয়েটারের প্রতিকূল স্বার্থের প্রতিবন্ধকতায় এবং বিশেষভাবে কোম্পানীর থিয়েটারের দৃশ্যপট আঁকিয়ে যোশেফ্ ব্যাটল্-এর বিশ্বাসঘাতকতার ফলে।

গ্রীয়ার্সন বঙ্গীয় মঞ্চে যুরোপীয় নাট্যরূপের আদি উপস্থাপনরূপে লেবেডেফ্-এর এই নাট্য-প্রয়াসকে চিহ্নিত করেছিলেন।<sup>১৮</sup> এই অভিনয় দু'টির স্বল্প পরিমাণ বিবরণই লভ্য।<sup>১৯</sup> স্বল্প উপাদানের উপর নির্ভর করেই বলা যায় যে লেবেডেফ্ যুরোপীয় রঙ্গশালার অনুসরণে গ্যালারী, বক্স, পিট্ ইত্যাদি সম্বলিত নাট্যশালায় তাঁর অভিনয়ের আয়োজন করেছিলেন। যাত্রার আসরের থেকে তা ছিল পৃথক। আঁকা সিনের ব্যবহার তাঁর মঞ্চে হয়েছিল বলে মনে করার কারণ আছে।<sup>২০</sup> রঙ্গশালার পরি-

কল্পনায় সম্ভবত সেদিনের কলকাতার বিলিতি থিয়েটার 'গু নিউ প্লে হাউস' বা 'ক্যালকাটা থিয়েটার' ( ১৭৭৫-১৮০৮ ) লেবেডফ্-এর চিন্তাকে অনেকখানি প্রভাবিত করেছিল। মঞ্চপ্রকৃতি, দৃশ্যপট, অভিনয়রীতি, অভিনীত নাটক প্রভৃতি সবদিক থেকেই 'ক্যালকাটা থিয়েটার' ছিল তদানীন্তন ইংলণ্ডীয় থিয়েটারের প্রায় ছবছ অল্পকরণ। রঙ্গগৃহ নির্মাণের ব্যাপারে 'ক্যালকাটা থিয়েটার'-এর কথা হয়তো ভেবেছিলেন লেবেডফ্। আবার তাঁর স্বদেশ ইয়ারগ্লাভল-এ ফিয়োদর ভোলকফ্ যেভাবে মঞ্চনির্মাণ করেছিলেন সেই স্মৃতিও লেবেডফ্-এর মনে ছিল আর তার প্রভাবও লেবেডফ্-এর মঞ্চে থাকা স্বাভাবিক! অভিনয়ের জগৎ নির্দিষ্ট মেঝের উঁচু স্থানটুকু সজ্জিত করে তুলেছিলেন লেবেডফ্ কিছু চিত্রকর্ম দিয়ে বাঙালী রুচির সঙ্গে যা সঙ্গতিমূচক। 'ক্যালকাটা থিয়েটার'-এর অভিনয়ে অংশগ্রহণকারীরা ছিলেন ইংরেজ আর ইংরেজদর্শকদের কথা মনে রেখেই সেখানে অভিনয়ের আয়োজন। অল্পদিকে লেবেডফ্-এর নাট্যশালার লক্ষ্য ছিল প্রধানত এদেশীয় দর্শকবৃন্দ। কাজেই স্বতন্ত্র পথ তাঁকে বেছে নিতে হয়েছিল। এই স্বাতন্ত্র্যই লেবেডফ্-এর নাট্য প্রয়াসের গুরুত্ব; বিশেষভাবে বাঙালী অভিনেতা অভিনেত্রীদের দিয়ে বাংলা নাটক (অনুদিত) উপস্থাপনায়। এই বৈশিষ্ট্যই লেবেডফ্-এর নাট্যপ্রয়াস স্মরণীয়।

লেবেডফ্-এর নাট্যশালার লক্ষ্য ছিল যেহেতু এদেশীয় দর্শকবৃন্দ তাই থিয়েটারের নাম দিয়েছিলেন 'বেঙ্গলী থিয়েটার' ('Bengally Theatre')। বাঙালী দর্শকরুচির পোষকতার নির্বাচিত হয় প্রহসনাত্মক নাটক আর সেই সঙ্গে একই উদ্দেশ্যে নাটকে চৌকিদার, খুনিয়া, মুছরি প্রভৃতি কয়েকটি লঘু চরিত্রের অতিরিক্ত সংযোজন ঘটান।<sup>২১</sup> ভাষাশিক্ষক গোলকনাথ দাসের সহায়তায় মূল ইংরাজী নাটকের ভাষান্তর শুধু নয় তার বেশান্তরও ঘটান স্থানকালের কথা স্মরণ রেখে। পাত্র-পাত্রীর বাঙালী নামান্তর আর সেই সঙ্গে ঘটনাস্থলও পরিবর্তিত হয়ে গেছে।<sup>২২</sup> বাঙালী দর্শকের গীতপ্রীতি এবং ভারতচন্দ্রের জনপ্রিয়তার সূত্রে গানবজ্রিত মূল নাটকের বেশান্তরিত রূপে বিজ্ঞানন্দর কাব্যের অংশবিশেষ গাইবার জগৎ নির্ধারিত হয়।<sup>২৩</sup> বিদেশী বাগ্গযন্ত্রের সঙ্গে দেশীয় বাগ্গযন্ত্রের ও কণ্ঠসঙ্গীতের সমবায় গঠিত, লেবেডফ্-এর বিজ্ঞাপনে যার নাম 'The Indian Serenade', কণ্ঠ ও যন্ত্রসঙ্গীতের সেই অনুষ্ঠানের দ্বারা নাটকের উদ্বোধন ঘটে। অভিনয়ে অংশগ্রহণ করেন এদেশীয় নারীপুরুষ উভয় সম্প্রদায়ের শিল্পীরা।<sup>২৪</sup> নাটকের উপস্থাপনা ব্যাপারে যথাসম্ভব বাঙালী রুচি ও প্রবণতার পোষকতা লক্ষ্য করা যায় লেবেডফ্-এর নাট্যপ্রয়াসে। বিলিতি মঞ্চের অল্পকরণে মঞ্চ নির্মাণ করলেও লেবেডফ্ তাঁর মঞ্চকে সজ্জিত করে তুলেছিলেন বাঙালী রীতিতে। বিজ্ঞাপনে উল্লিখিত 'Decorated in Bengalee Style'-এর প্রকৃতরূপ কেমন ছিল তার সুস্পষ্ট পরিচয় না থাকলেও লেবেডফ্-এর সমগ্র পরিকল্পনায় বাঙালী রুচির পোষকতার যে প্রয়াস ছিল তার সঙ্গে সঙ্গতির সূত্রে অনুমান করা অসম্ভব নয় যে, নাটকের দৃশ্যাবলীর মঞ্চসজ্জা প্রভৃতি বঙ্গীয় পরিবেশকে ফুটিয়ে তোলার পক্ষে উপযুক্ত করে তোলা হয়েছিল।<sup>২৫</sup> অভিনীত

‘কাল্পনিক সংবদল’-এর ‘প্রথম ক্রিয়া’র ‘দ্বিতীয় ব্যক্ততা’র ঘটনাস্থল ‘সুখময়ের গৃহ’।<sup>২৬</sup>  
অনুমান করা যেতে পারে বাঙালী রীতিতেই মুখময়ের গৃহ সজ্জিত হয়েছিল।

সমসাময়িক বাঙালী রুচি ও জীবনধারার সঙ্গে মিলিয়ে বাঙলা নাটক মঞ্চস্থ করার যে অভিনব ও সঙ্গত প্রয়াস চালিয়েছিলেন লেবেডেফ্, প্রতিকূল চক্রান্তে পড়ে তা প্রায় অকুরেই বিনষ্ট হয়ে যায়। এদেশীয়দের মঞ্চপ্রয়াসে তা স্থায়ী কোনো প্রভাব ফেলতে পারেনি। ইংরেজ মালিকানাধীন যে বিলিতি থিয়েটারের চাপে লেবেডেফ্-এর মঞ্চপ্রয়াস পর্যুদন্ত হল সেই বিলিতি থিয়েটারকে অনুসরণ করেই কলকাতা শহরে এদেশীয় ধনাঢ্য ব্যক্তিদের দ্বারা মঞ্চপ্রয়াসের সূত্রপাত ঘটতে দেখা গেল। বাঙালীদের দ্বারা প্রতিষ্ঠিত বাংলা মঞ্চের আদি প্রকৃতি অনুধাবনের জন্ম তাই সেদিনের বিলিতি থিয়েটারের বৈশিষ্ট্যগুলি প্রণিধানযোগ্য।